# Times Today BD

আশিকুর রহমান শান্ত | বরিশাল | 17 July, 2025

তারেক জিয়াকে কটাক্ষ করে বক্তব্য দেয়া ও সারাদেশে সন্ত্রাস, নৈরাজ্য ও আইন শৃঙ্খলার অবনতির প্রতিবাদে ভোলায় বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে যুবদল বৃহস্পতিবার (১৭ জুলাই) দুপুরে ভোলা জেলা যুবদলের আয়োজনে এ বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে।সম্প্রতি ঢাকা মিটফোর্ডে ব্যবসায়ী হত্যাকে কেন্দ্র করে বাংলাদেশ ইসলামী আন্দোলন সহ কয়েকটি দল ষড়যন্ত্রমূলক বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে কটাক্ষ করে বক্তব্য দেয়া এবং সারাদেশে সন্ত্রাস, নৈরাজ্য ও আইন শৃঙ্খলার অবনতির প্রতিবাদে এ বিক্ষোভ মিছিল ও সমাবেশ করা হয়।

কেন্দ্র ঘোষিত কর্মসূচীর অংশ হিসাবে ভোলা কালীনাথ রায়ের বাজার জেলা বিএনপির অফিস প্রাঙ্গনে সমাবেশ করে তারা।সমাবেশ শেষে একটি বিক্ষোভ মিছিল শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে দলীয় কার্যালয়ে গিয়ে শেষ হয়।

ভোলা জেলা যুবদলের সিনিয়র সহ-সভাপতি ফখরুল ইসলাম ফেদাউসের সভাপতিত্বে ও জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক মোঃ মনির হোসেন এর সঞ্চালনায় সমাবেশে বক্তব্য রাখেন, ভোলা জেলা বিএনপির সদস্য সচিব রাইসুল আলম, জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক হুমায়ুন কবির সোপান, যুগ্ম আহ্বায়ক মোঃ বশির হাওলাদার, সদর উপজেলা বিএনপির সদস্য সচিব হেলাল উদ্দিন, পৌর বিএনপির সভাপতি আবদুর রব আকন, জেলা যুবদলের সাধারণ সম্পাদক আবদুল কাদের সেলিম ভিপি, জেলা কৃষকদলের সভাপতি আবদুর রহমান সেন্টু প্রমুখ।

বিএনপি তারেক রহমান

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 19:59

URL: https://timestodaybd.com/barishal/4471854922